# যুদ্ধকালীন ঘটনার বিচার দাবি অব্যাহত রাখবে ইরান



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান উত্তেজনা কমানো বা সম্ভাব্য কোনো চুক্তি হলেও অতীতের ঘটনা থেকে সরে আসার সুযোগ নেই বলে কঠোর অবস্থান জানিয়েছে ইরান।

সোমবার (১৫ জুন) এক সংবাদ সম্মেলনে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই বলেন, ইরানের জনগণের বিরুদ্ধে সংঘটিত অতীতের কর্মকাণ্ড কোনোভাবেই ভোলা বা উপেক্ষা করা যাবে না। তিনি বলেন, পরিস্থিতি যাই হোক না কেন, এসব ঘটনার ব্যাপারে দায়মুক্তি দেওয়ার প্রশ্নই ওঠে না।

তিনি আরও জানান, যুদ্ধকালীন সময়ে নিহতদের পরিবারের জন্য ন্যায্য ক্ষতিপূরণ আদায় এবং দায়ীদের আন্তর্জাতিক আইনের আওতায় জবাবদিহির মুখোমুখি করা ইরানের দীর্ঘমেয়াদি নীতির অংশ। একই সঙ্গে এসব ঘটনার পূর্ণ নথিবদ্ধকরণ ও আন্তর্জাতিক পরিসরে উপস্থাপনের কাজও অব্যাহত থাকবে।

ভূ-রাজনৈতিক টানাপোড়েন কমাতে যেকোনো ধরনের সমঝোতাকে স্বাগত জানালেও, জাতীয় স্বার্থ ও অতীত অন্যায়ের প্রশ্নে ইরানের অবস্থান অটল থাকবে বলে তিনি মন্তব্য করেন।

সূত্র: আল জাজিরা

LENS ASIA